aspbd.com
your application service provider
service@aspbd.com
Bangla Dynamic PDF Creator

প্রথম পাতা

ভাঙায় মাতব্বরের নির্দেশে ১৩ বছরের শিশুর দুই চোখ উৎপাটন

২০০৯-০৭-১৭ : নজরুল ইসলাম ভাঙ্গা (ফরিদপুর)

গ্রাম্য মাতব্বররা শত শত লোকের উপস্থিতিতে চুরির অভিযোগে ভাঙ্গা উপজেলার তুজারপুর ইউনিয়নের ভদ্রাসন গ্রামের অতিদরিদ্র সুলতান ব্যাপারীর কিশোর সন্তান মিরু ব্যাপারীর (১৩) চোখ উঠিয়ে দিয়েছে বাবা ও চাচাকে দিয়ে। মাতব্বরদের রায় ছিল, 'তোর ছেলের চোখ তুই উঠাবি, নইলে তোর চোখ উঠিয়ে দেব। অসহায় পিতা মতব্বরদের রায় মানতে বাধ্য হন। এলাকাবাসী জানান, গত ১৪ জুলাই রাতে তুজারপুর ইউনিয়নের ভদ্রাসন গ্রামের সাবেক আবু মেম্বরের একটি মোবাইল সেট চুরি হয়ে যায়। পরদিন ১৫ জুলাই মোবাইল চুরির অভিযোগে মিরু ব্যাপারীকে অভিযুক্ত করে এলাকাবাসী। পরে ভদ্রাসন চৌরাস্তায় এক সালিশ বৈঠক বসে। সালিশে উপস্থিত মাতব্বররা মিরুকে চোর হিসেবে সাব্যস্ত করে মিরুর দুটি চোখ উৎপাটন ও ৩০ হাজার টাকা জরিমানার রায় দেন। এ রায় বাস্তবায়নের দায়িত্ব দেন মিরুর বাবা সুলতান ব্যাপারী ও মিরুর চাচা ছোরমান ব্যাপারীর ওপর। ঘটনার প্রত্যক্ষদর্শী এক ব্যক্তি জানান, দিনেরবেলা শত শত লোকের উপস্থিতিতে গ্রামের মাতব্বররা মিরু ব্যাপারীকে গাছের সঙ্গে শেকল দিয়ে বেঁধে চোখ উঠানোর দায়িত্ব দেন তার বাবা ও চাচার ওপর। এ সময় মিরুর বাবা-চাচা রাজি না হলে গ্রাম্য মাতব্বররা তাদেরসহ ছেলের চোখ উঠিয়ে দিতে চান। এ সময় ওই গ্রামের প্রভাবশালী মাতব্বর বশির হাওলাদার, ইউনুস হাওলাদার, সিদ্দিক ব্যাপারী, খবির মাতব্বর ও জাহাঙ্গীর শরিফের নির্দেশে মিরুকে প্রচণ্ড মারধর করা হয় এবং এক পর্যায়ে বাবা ও চাচকে দিয়ে চোখ ওঠাতে বাধ্য করে। মাতব্বরদের দেয়া আমগাছের চিকন চোখা ডাল মিরুর দু'চোখে ঢুকিয়ে দেন মিরুর বাবা ও চাচা। মিরুর পিতা ইউনুস হাওলাদার কান্নাজড়িত কণ্ঠে আর্তনাদ করে বলেন, আমি সেই দুর্ভাগা পিতা, যে নিজের হাত দিয়ে নিজের ছেলের চোখ ওঠাতে বাধ্য হয়েছি। মাতব্বরদের হাত-পা ধরে বলেছিলাম, এবার আমার ছেলেকে মাপ করে দাও। আমি আমার ছেলেকে নিয়ে এ এলাকা ছেড়ে চিরদিনের জন্য চলে যাব। তারা আমার কান্না শোনেনি। আমার ছেলের চোখ না ওঠালে তারা উল্টো আমার চোখ উঠিয়ে দিতে চায়। এক পর্যায়ে আমি বাধ্য হয়ে নিজ হাতে আমার ছেলের চোখ উঠিয়েছি। আজ আমার ছেলের চিকিৎসার জন্য তাকে ঢাকা নেয়া হয়েছে। এ ব্যাপারে ভাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মহিউদ্দিন বলেন, আমি ঘটনাটি শুনেছি এবং এ ব্যাপারে দ্রুত ব্যবস্থা নিচ্ছি।

(সমাপ্ত)